



Bangladesh Submarine Cable Company Limited (BSCCL)

বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল)

(A Public Limited Company under Posts and Telecommunications Division of MoPT&IT)



“প্রেস বিজ্ঞপ্তি”

SEA-ME-WE-4 সাবমেরিন ক্যাবল রক্ষণাবেক্ষণ কাজের নিমিত্ত ইন্টারনেট সেবা সাময়িক সময়ের জন্য ব্যাহত হওয়া প্রসঙ্গে

ঢাকা, ২৩ শে মে, ২০২১ খ্রি: বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছে যে, কক্সবাজার সড়ক বিভাগ এবং কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক সড়ক উন্নয়ন কাজের প্রেক্ষিতে SEA-ME-WE-4 সাবমেরিন ক্যাবলের কক্সবাজারস্থ ল্যান্ডিং স্টেশন হতে বিচ ম্যানহোল পর্যন্ত বর্তমান ডু-গর্ভস্থ ক্যাবলের বিকল্প রুট হিসাবে নতুন একটি ডু-গর্ভস্থ ক্যাবল রুট স্থাপনের কাজ সম্পন্ন করা হয়েছে। নতুন রুটে স্থাপিত অপটিক্যাল ফাইবার ও পাওয়ার ক্যাবল -এর সাথে SMW-4 সাবমেরিন ক্যাবলের সংযোগ প্রদানের কার্যক্রম সহ SMW-4 সাবমেরিন ক্যাবলের মাধ্যমে টার্মিনেটেড সার্কিটসমূহের সকল ট্রাফিক নতুন ডু-গর্ভস্থ ক্যাবল (বিচ ম্যানহোল থেকে কক্সবাজার ল্যান্ডিং স্টেশন) -এ স্থানান্তর বিষয়টি SEA-ME-WE-4 কনসোর্টিয়াম এর সহায়তায় আগামী ২৮/০৫/২০২১ খ্রিঃ তারিখে বাংলাদেশ সময় দুপুর ০২:০০ ঘটিকা থেকে রাত ১০:০০ ঘটিকা পর্যন্ত অর্থাৎ ০৮ (আট) ঘন্টা সময়ের মধ্যে সম্পন্ন করার পরিকল্পনা বিএসসিসিএল কর্তৃক হাতে নেওয়া হয়েছে।

উল্লিখিত সময়কালে SMW-4 সাবমেরিন ক্যাবলের মাধ্যমে কক্সবাজার ল্যান্ডিং স্টেশনে টার্মিনেটেড সকল সার্কিটসমূহ বন্ধ থাকবে। তবে, উক্ত সময়ে SEA-ME-WE-5 সাবমেরিন ক্যাবল ও ITC অপারেটর সমূহের সার্কিটগুলি চালু থাকবে। রক্ষণাবেক্ষণ কাজ চলাকালীন সময় ইন্টারনেট গ্রাহকগণ সাময়িকভাবে ইন্টারনেটের ধীরগতির সম্মুখীন হতে পারেন।

উল্লিখিত রক্ষণাবেক্ষণকালীন সময় সম্মানিত গ্রাহকগণের সাময়িক অসুবিধার জন্য বিএসসিসিএল কর্তৃপক্ষ আন্তরিকভাবে দুঃখিত।

মো: শহিদুল ইসলাম

মহাব্যবস্থাপক (চালনা ও রক্ষণাবেক্ষণ)

বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল)

ফোন : ৮৮৭৮০৭০ (অফিস)

ফ্যাক্স : ৮৮৭৯১৯৩ (অফিস)

ই-মেইল: gm.onm@bsccl.com

প্রতি,

বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার

.....
.....
.....

বি:দ্র: উপরোক্ত প্রেস বিজ্ঞপ্তিটি আগামী ২৪/০৫/২০২১ খ্রি: তারিখের মধ্যে আপনার পত্রিকায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।